# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 08.04.24** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবর

১) নির্বাচনী আচরণ বিধি বলবত্ থাকাকালীন ভূপতিনগরে এনআইএ-র অতি সক্রিয়তার অভিযোগ তুলে তৃণমূল কংগ্রেস আজ নতুন দিল্লীতে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়।

২) কমিশনের সামনে তাদের অবস্থান চলাকালীন দিল্লী পুলিশ, প্রতিনিধি দলের সদস্যদের সরাতে গেলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। এব্যাপারে রাজ্যপালকে অবহিত করতে তৃণমূল কংগ্রেস আজ রাতে দেখা করার সময় চেয়েছে।

বিজেপি অবশ্য তৃণমূলের, কমিশনে যাওয়াকে কটাক্ষ করেছে।

৩) প্রথম দফা লোকসভা নির্বাচনে প্রস্তুতি খতিয়ে দেখতে বিশেষ সাধারণ ও পুলিশ পর্যবেক্ষক আগামীকাল সেখানে যাচ্ছেন।

৪) বিজেপি সাত দফা লোকসভা নির্বাচন হিংসামুক্ত করার আর্জি জানিয়েছে।

৫) বিজেপি কর্মীর দেহ উদ্ধারের পর, পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখতে রাজ্যপাল আজ সেখানে যান।

৬) গার্ডেনরীচে বহুতল ভেঙে পড়ার ঘটনায় কলকাতা পুরসভার আধিকারিকরাই দোষী বলে হাইকোর্ট জানিয়েছে।

------------------------------------------------------------------------------------------

নির্বাচনী আদর্শ আচরনবিধি কার্যকর থাকাকালীন , অসাংবিধানিকভাবে পূর্ব মেদিনীপুরের ভূপতিনগরে জাতীয় তদন্তকারী সংস্থা-এনআইএ-র অতিসক্রিয়তার অভিযোগ তুলে তৃনমূল কংগ্রেস আজ নতুন দিল্লীতে, নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়। দলের সাংসদ ডেরেক ও ব্রায়ানের নেতৃত্বে দশ সদস্যর এক প্রতিনিধি দল আজ নির্বাচন কমিশনের সদর কার্যালয়ে, কমিশনের ফুল বেঞ্চে লিখিত অভিযোগ জমা করেছে ।

নির্বাচন কমিশনের দফতর থেকে বেরিয়ে ওই প্রতিনিধি দলের অন্যতম সদস্য সাংসদ দোলা সেন সাংবাদিকদের বলেন, লোকসভা ভোটে সমস্ত রাজনৈতিক দলকে সমান সুযোগ দেওয়ার যে প্রতিশ্রুতি কমিশন দিয়েছিল তা রাখা হয়নি। বিরোধীদের দমন করতে কেন্দ্রীয় এজেন্সি গুলিকে কাজে লাগানো হচ্ছে। ভূপতিনগরে ২০২২ সালের একটি ঘটনায় হঠাৎ ভোটের আগে কেন তদন্তকারী এজেন্সি সক্রিয় হয়ে উঠল তা নিয়ে তিনি প্রশ্ন তোলেন।

বাইট

এরপর প্রতিনিধি দলরে সদস্যরা নির্বাচন কমিশনের সামনে ধর্ণা অবস্থানে বসেন। পুলিশ অবশ্য তাদের সরিয়ে দেয়। আটক করে প্রিজন ভ্যানেও তোলে বলে অভিযোগ। এই নিয়ে এলাকায় তীব্র উত্তেজনা দেখা দেয়।

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় এই ঘটনার নিন্দা করে আবারও কেন্দ্রীয় এজেন্সির অপব্যবহারের অভিযোগ তুলেছেন। এব্যাপারে রাজ্যপাল সি ভি আনন্দ বোসকে অবহিত করতে আজ রাতেই তিনি

তাঁর সঙ্গে দেখা করার আর্জি জানিয়েছেন। তাঁর নেতৃত্বে ১২ সদস্যের এক প্রতিনিধি দল থাকবেন বলে অভিষেক জানিয়েছেন।

তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষও বিজেপির বিরুদ্ধে এজেন্সিকে ব্যবহারের অভিযোগে সরব হয়েছেন। এনআইএ-র এসপির সঙ্গে বিজেপি নেতা জিতেন্দ্র তিওয়ারির বৈঠক হয়েছিল বলেও তাঁর দাবি।

এদিকে বিজেপি তৃণমূল কংগ্রেসের নির্বাচন কমিশনে যাওয়াকে কটাক্ষ করেছে। দলের মুখপাত্র, রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য বলেছেন, কমিশনে অভিযোগ জানালেও ২০২২-এর ভূপতিনগর বিস্ফোরণের ঘটনা মিথ্যা হয়ে যাবে না।

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী বলেছেন, ভূপতিনগরে এনআইএ-র দল কি করতে গেছে, পুলিশের অনুমতি নিয়ে গেছে কিনা, তা নিয়ে রাজ্য রাজনীতি এখন সরগরম। কিন্তু আসল সমস্যার দিকেই কারোর নজর নেই। এনআইএ আধিকারিকদের ওপর হামলা পরবর্তী পরিস্থিতিতে মুখ্যমন্ত্রীর মন্তব্যও রাজ্য সরকারেরও অবস্থানেরও সমালোচনা করেন অধীর বাবু।

বাইট

এদিকে, এনআইএ-র ওপর হামলার ৪৮ ঘন্টা পেরিয়ে গেলেও এখনও কেউ গ্রেপ্তার হয়েনি। ঐ ঘটনায় তদন্তকারী অফিসার জাফর শরিফকে সরিয়ে দেওয়া হয়েছে।

---------------------

লোকসভা ভোটের মুখে ইচ্ছাকৃতভাবে কেন্দ্রীয় এজেন্সিকে ব্যবহার করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন। বাঁকুড়ার রাইপুরে সবুজ সংঘের মাঠে আজ দলীয় প্রার্থী অরূপ চক্রবর্তীর সমর্থনে আয়োজিত এক

জনসভায় যোগ দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, নতুন সংসদ ভবনকে জেলে পরিণত করার চেষ্টা চালানো হচ্ছে। গোটা দেশকে জেলখানা বানিয়ে দিয়েছে বিজেপি।

বাইট

তাঁর আমলে জঙ্গল মহলে শান্তি ফিরেছে বলে এদিন ফের দাবি করেন মুখ্যমন্ত্রী। বিষ্ণুপুর লোকসভা কেন্দ্রে বিজেপি প্রার্থী সৌমিত্র খাঁ-র নাম না করে তাঁকেও আক্রমণ করেন তৃণমূল নেত্রী।

--------------------

বিজেপি রাজ্যে সাত দফায় লোকসভা নির্বাচন হিংসামুক্ত করার আর্জি জানিয়েছে। কলকাতায় আজ বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপির এক প্রতিনিধি দল বিশেষ পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মার সঙ্গে দেখা করেন। পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা বলেন, লোকসভা ভোট অবাধ,সুষ্ঠু ও শান্তিপূর্ণ করার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণের আবেদন জানানো হয়েছে। তিনি অভিযোগ করেন, রাজ্যে পুলিশ বিভিন্ন ক্ষেত্রে বিরোধীদের বাধা এবং বিজেপি কর্মীদের উপর মিথ্যে মামলা দিচ্ছে। রাজ্য পুলিশই মূল প্রতিপক্ষ বলে তিনি অভিযোগ করেন।

বাইট

--------------------

বঙ্গীয় প্রাদেশিক হিন্দু মহাসভা লোকসভা নির্বাচনে বিজেপিকে সমর্থন করবে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে সংগঠনের সম্পাদক অনন্ত সিংহ রায় জানিয়েছেন, লোকসভা নির্বাচনে বিজেপি ক্ষমতায় আসুক এবং বাংলায় বেশি সংখ্যক আসন নিয়ে পরিবর্তন আনুক সেটাই তাদের সংগঠনের দাবি।

--------------------

তৃণমূল কংগ্রেস প্রযুক্তির মাধ্যমে ভোটারদের সচিত্র পরিচয় পত্রের ছবি বদল করছে বলে প্রদেশ কংগ্রেস নির্বাচন কমিশনে অভিযোগ জানিয়েছে। মুর্শিদাবাদের বেশ কিছু জায়গায় এই ঘটনা ঘটছে বলে কংগ্রেসের তরফে মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব কে লেখা চিঠিতে জানানো হয়েছে বলে কমিশন সূত্রে খবর।

--------------------

আগামী লোকসভা ভোটে সাধারণ মানুষ সহজেই যাতে পছন্দের প্রার্থীকে নির্বাচন করতে পারেন সেজন্য গণসংগঠন-এসোসিয়েশন ফর ডেমোক্রেটিক রিফর্মস নির্বাচন কমিশনের তথ্য বিশ্লেষণ করে কয়েকটি প্রতিবেদন প্রকাশ করেছে। প্রার্থীদের ফৌজদারি মামলার প্রেক্ষাপট, আর্থিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, লিঙ্গ সাম্যতা ও অন্য তথ্যাবলী বিশ্লেষণ করে সংগঠনের তরফে জানানো হয়েছে, প্রথম দফার নির্বাচনে পশ্চিমবঙ্গে মোট ৩৭ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। যাঁদের মধ্যে পাঁচজনের বিরুদ্ধে ঘোষিত ফৌজদারী মামলা রয়েছে। কলকাতা প্রেসক্লাবে আজ এক সাংবাদিক বৈঠকে এরাজ্যের দায়িত্বে থাকা সাংগঠনিক প্রধান উজ্জয়িনী হালিম বলেন, পেশি ও অর্থশক্তি নির্বাচনে যাতে প্রভাব বিস্তার করতে না পারে সেই লক্ষ্যেই সাধারণ মানুষকে সচেতন করতে তাঁরা এই কাজ করছেন।

বাইট

--------------------

প্রথম পর্যায়ের ভোটের চূড়ান্ত প্রস্তুতি এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখতে বিশেষ পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মা

আগামীকাল উত্তরবঙ্গ যাচ্ছেন। এই পর্যায়ে ১৯ শে এপ্রিল আলিপুরদুয়ার কোচবিহার এবং জলপাইগুড়ি কেন্দ্রে ভোট গ্রহণ হবে।

এদিকে দ্বিতীয় দফার বাড়ি থেকে ভোট দেওয়ার জন্য ১০ হাজার ৬৫৮ টি আবেদন পত্র জমা পড়েছে। এই পর্বে ২৬ শে এপ্রিল ভোট নেওয়া হবে দার্জিলিং, রায়গঞ্জ এবং বালুরঘাটে।

দ্বিতীয় দফার লোকসভা নির্বাচনে মনোনয়ন প্রত্যাহারের আজ ছিল শেষ দিন। মনোনয়ন পত্র পরীক্ষার পর তিন আসনে আপাতত প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন ৪৭ জন। এর মধ্যে দার্জিলিং-এ আছেন- ১৪ জন। রায়গঞ্জে বৈধ মনোনয়নের সংখ্যা-২০ এবং বালুরঘাট কেন্দ্রে ১৩ জন প্রার্থীর মনোনয়ন বৈধ হিসেবে গণ্য হয়েছে।

অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী আজ সন্ধ্যায় সাংবাদিকদের জানিয়েছেন, সি ভিজিল অ্যাপে এপর্যন্ত ৫ হাজার ২৩৬ টি অভিযোগ জমা পড়েছে। তার মধ্যে ব্যবস্থা নেওয়া হয়েছে ৪ হাজার ৪৩৮টি ক্ষেত্রে।

এদিকে, ডামি ব্যালটের সাহায্যে ভোটারদের প্রশিক্ষণের জন্য নির্বাচন কমিশন, এক নির্দেশিকা জারি করেছে। তবে এই ব্যালট হতে হবে আসল ব্যালটের অর্ধেক এবং কাঠ, প্লাস্টিক অথবা প্লাইউড দিয়ে তৈরি।

---------------------

নির্বাচন কমিশন আজ অর্ণব চ্যাটার্জীকে রাজ্যের যুগ্ম মুখ্য নির্বাচনী আধিকারিক হিসেবে নিয়োগ করেছে। এর আগে তিনি, বিদ্যালয় শিক্ষা দপ্তরের যুগ্ম সচিব ছিলেন।

---------------------

বামফ্রন্টের শরিক ফরওয়ার্ড ব্লক এবারের লোকসভা নির্বাচনে এরাজ্যে মোট তিনটি আসনে প্রার্থী দিচ্ছে। পুরুলিয়ায় ধীরেন মাহাতো, কোচবিহারে নীতিশ রায়, এবং বারাসাতে প্রবীর ঘোষ প্রতিদ্বন্দিতা করবেন। দলের রাজ্য কমিটির সম্পাদক নরেন চট্টোপাধ্যায় আজ কলকাতায় একথা জানান। তিনি বলেন, কোচবিহার ও বারাসাতের প্রার্থীর ক্ষেত্রে ফ্রন্টের তরফে সিদ্ধান্ত হলেও দলই পুরুলিয়ায় প্রার্থীর নাম ঠিক করেছে। বৃহত্তর বাম ঐক্যের সমন্বয়েই তাঁরা নির্বাচনে লড়তে চান। কোচবিহারে কংগ্রেস এবং বারাসতে ISF এর প্রার্থী দেওয়ার সমালোচনা করেন নরেন বাবু।

---------------------

বিজেপি কর্মী শান্তনু ঘোড়ুইয়ের দেহ উদ্ধারের পর পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখতে রাজ্যপাল সিভি আনন্দ বোস আজ পশ্চিম মেদিনীপুরের পিংলা যান। দেখা করেন মৃত বিজেপি কর্মীর পরিবারের সঙ্গে। রাজ্যপালকে কাছে কান্নায় ভেঙে পড়েন শান্তনুর মা। ঘটনার সিবিআই তদন্তের দাবি জানিয়েছেন তাঁরা। পাশে থাকার সবরকম আশ্বাস দিয়ে সাংবাদিকদের রাজ্যপাল বলেন, সাধারণ মানুষ যাতে সঠিক বিচার পান তা নিশ্চিত করাই তাঁর উদ্দেশ্য এবং সব অভিযোগই খতিয়ে দেখা হবে।

বাইট

---------------------

গার্ডেনরিচে বহুতল ভেঙে পড়ার ঘটনায় কলকাতা পুরসভার সংশ্লিষ্ট আধিকারিকরা আসল দোষী বলে জানিয়েছে কলকাতা হাইকোর্ট। গার্ডেনরিচকাণ্ডে আজ দুই বিচারপতি জয়মাল্য বাগচি এবং গৌরাঙ্গ কান্তের ডিভিশন বেঞ্চে রিপোর্ট

জমা দিয়েছে রাজ্য সরকার এবং পুরসভা। এই জনস্বার্থ মামলা শুনানিতে আজ ডিভিশন বেঞ্চ জানায়, বেআইনি নির্মাণ চললেও পুর আধিকারিকদের নিষ্ক্রিয় ভূমিকা ছিল। দোষী আধিকারিকদের বিরুদ্ধে পুরসভা কোনও শাস্তিমূলক পদক্ষেপ করেছে কিনা তা জানতে চায় আদালত।

রাজ্য সরকার আদালতে জানায়, এখনও পর্যন্ত গার্ডেনরিচের ঘটনায় দু'জনকে গ্রেফতার করেছে পুলিশ। এক জন পলাতক। তাঁর খোঁজে তল্লাশি চলছে। পুরসভার তরফে জানানো হয়, কয়েক জন আধিকারিককে ইতিমধ্যে শো-কজ করা হয়েছে। ডিভিশন বেঞ্চের পর্যবেক্ষণ, বেআইনি নির্মাণের চক্রান্তে পুরসভার সংশ্লিষ্ট আধিকারিকরাই আসল দোষী। বেআইনি নির্মাণ দেখেও ওই আধিকারিকরা নিষ্ক্রিয় ছিলেন। তাদের বিরুদ্ধে শৃঙ্খলাভঙ্গের দায়ে যথাযথ ব্যবস্থা নিতে হবে বলে জানায় আদালত।

-------------------- --------------------